# গণহত্যায় কেবল শেখ হাসিনা নয়, আওয়ামী লীগও দায়ী: মির্জা ফখরুল ইসলাম




বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম : সংগৃহীত ছবি

গণহত্যার দায় শুধু প্রধানমন্ত্রী শেখ হাসিনার একার নয়, এই অপরাধে আওয়ামী লীগকেও বিচার করা উচিত—এমন মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

বুধবার (৯ জুলাই) সকালে রাজধানীর নিউরোসায়েন্স হাসপাতালে চিকিৎসাধীন বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা ডা. আবদুল কুদ্দুস ও ডা. সিরাজউদ্দিনের খোঁজখবর নিতে এসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

মির্জা ফখরুল বলেন, "শুধু শেখ হাসিনা নন—পুরো আওয়ামী লীগ নেতৃত্বই এই গণহত্যার দায় এড়াতে পারে না। যারা ফ্যাসিবাদের পক্ষে কাজ করেছে, গুম-খুনের পেছনে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত, তাদেরও শাস্তি হওয়া উচিত।"

তিনি আরও বলেন, "সংস্কার এবং বিচার—এই দুটি প্রক্রিয়া একসাথে চলতে পারে, এতে কোনো সাংঘর্ষিকতা নেই। দেশকে সঠিক পথে নিয়ে যাওয়ার দায়িত্ব সব রাজনৈতিক দলেরই। জনগণের প্রয়োজনেই একটি গ্রহণযোগ্য ও নির্বাচিত সরকার প্রতিষ্ঠা জরুরি।"

পরে তিনি রাজধানীর আরেকটি হাসপাতালে চিকিৎসাধীন প্রখ্যাত সংগীতশিল্পী ফরিদা পারভীনের শারীরিক অবস্থার খোঁজ নেন এবং বিএনপির পক্ষ থেকে আর্থিক সহায়তা তার পরিবারের হাতে তুলে দেন।

LENS ASIA